# ছাত্ররাজনীতি বন্ধ করা সম্ভব নয়

১৩ অক্টোবর ২০১৯ ০০:০০
আপডেট: ১২ অক্টোবর ২০১৯ ২৩:৩৭

আইন করে ছাত্ররাজনীতি বন্ধ করা সম্ভব নয় বলে মন্তব্য করেছেন কৃষিমন্ত্রী ড. মো. আবদুর রাজ্জাক। তিনি বলেন, ১৮ বছর বয়সে মানুষের কথা বলার অধিকার- এটা ফ্রিডম অব স্পিচ। একজন ছাত্র, সে বিশ্ববিদ্যালয়ে পড়ে। সে যদি স্বাধীনভাবে কোনো কথা বলে, সংবিধান লঙ্ঘন না করে যে কোনো বিষয়ে সে বলতেই পারে। আপনি তো আইন করে ছাত্ররাজনীতি বন্ধ করতে পারবেন না। গতকাল শনিবার গাজীপুরে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বারি) কেন্দ্রীয় গবেষণা পর্যালোচনা ও কর্মসূচি প্রণয়ন কর্মশালায় প্রধান অতিথি হিসেবে যোগ দিতে গিয়ে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে এসব কথা বলেন তিনি।

বারির কাজী বদরুদ্দোজা মিলনায়তনে কৃষিমন্ত্রী বলেন, পৃথিবীর সব দেশেই ছাত্ররাজনীতি রয়েছে। পার্শ্ববর্তী দেশ ভারতে বিজেপি, কংগ্রেস তাদেরও ছাত্র সংগঠন রয়েছে। এমনকি দিল্লি বিশ্ববিদ্যালয়েও ছাত্ররাজনীতি রয়েছে। সেখানেও স্টুডেন্টস ইউনিয়ন রয়েছে। সেখানেও দলীয় ভিত্তিতে নির্বাচন হয়। ছাত্ররাজনীতি আগেও ছিল। আমরাও ছাত্ররাজনীতি করেছি। দেশ স্বাধীনের পর, ’৭২-এর পর আমরা জাসদের কাছে ছাত্ররাজনীতির নির্বাচনে হেরেছি। তাই বলে কি ছাত্ররাজনীতি বন্ধ হয়েছে?

বুয়েট শিক্ষার্থী আবরার ফাহাদ হত্যাকা-ের ব্যাপারে তিনি বলেন, এই ঘটনায় আমার হৃদয়ে রক্তক্ষরণ হয়েছে। যে কোনোভাবেই এটা মেনে নেওয়া যায় না। আবরার হত্যাকা- একটি মর্মান্তিক ও দুঃখজনক ঘটনা। দেশের সর্বোচ্চ মেধাবীরা এ ধরনের অপকর্মে লিপ্ত হতে পারে, একটা মানুষকে পিটিয়ে হত্যা করতে পারে, এটা আমরা চিন্তাও করতে পারি না। ভবিষ্যতে যেন এমন দ্বিতীয় কোনো ঘটনা ঘটতে না পারে সে ব্যাপারে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে তদারকি করার জন্য প্রধানমন্ত্রী নির্দেশ দিয়েছেন।

advertisement

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. আবুল কালাম আযাদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য কৃষিবিদ আবদুল মান্নান, কৃষি মন্ত্রণালয়ের সচিব মো. নাসিরুজ্জামান, বারির প্রতিষ্ঠাতা পরিচালক ড. কাজী এম বদরুদ্দোজা প্রমুখ। #গাজীপুর প্রতিনিধি